



# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা, ফোন: +৮৮ ০২ ২২৩৩৮৪১৫৯, ই-মেইল: bnmc.examination@gmail.com, ওয়েবসাইট: www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/রেজি:-১৩৬/২০২৫- ৫৯৯

তারিখ: ০৭ এপ্রিল ২০২৫ খ্রি.

## রেজিস্ট্রেশন (আরএনএম) সংক্রান্ত নোটিশ


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগিতর জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীন গত ২১ মার্চ ২০২৫ খ্রি. অনুষ্ঠিত লাইসেন্সিং পরীক্ষায় উত্তীর্ণদের রেজিস্ট্রেশনের জন্য বিএনএমসি ডাটাবেজের মাধ্যমে ০৯ এপ্রিল হতে ০৮ মে-২০২৫ খ্রি. পর্যন্ত অনলাইনে আবেদন এবং ১৫ মে ২০২৫ তারিখের মধ্যে হার্ডকপি জমা করার জন্য প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে অনুরোধ করা যাচ্ছে।

### নির্দেশাবলি:

- (১) উত্তীর্ণদের রেজিস্ট্রেশনের আবেদন ফরম বিএনএমসি ডাটাবেজের স্টুডেন্ট রেজিস্ট্রেশন হতে প্রতিষ্ঠানের User ID & Password দিয়ে প্রবেশ করে REGISTRATION>Apply for New Registration তারপর শিক্ষার্থী নিবন্ধন নম্বর দিয়ে সার্চ বাটনে ক্লিক করলে Apply Registration অপশন আসবে অতঃপর যাবতীয় তথ্য দিয়ে save বাটনে ক্লিক করে রেজিস্ট্রেশন সম্পন্ন করে ফরম প্রিন্ট করতে হবে।
- (২) শিক্ষার্থীর এসএসসি ও এইচএসসি শিক্ষার সাথে নার্সিং স্টুডেন্ট রেজিস্ট্রেশনের তথ্যাদিতে বর্ণিত নাম, পিতা ও মাতার নাম এবং স্থায়ী ঠিকানা অবশ্যই মিল থাকতে হবে। নার্সিং এ ভর্তিকালীন প্রদত্ত জেলা তার স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে বিধায় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বিষয়টি গুরুত্বের সাথে যাচাই করবেন;
- (৩) এক প্রতিষ্ঠানের সকল প্রার্থীর (কোর্স ভিত্তিক) আবেদন একসাথে দাখিল করতে হবে। আলাদা আলাদা ভাবে প্রতি কোর্সের ফি-একত্রে একটি জমা রশিদের মাধ্যমে জমা দিতে হবে, আবেদনের সংখ্যা অনুপাতে ফি এর পরিমাণ মিল থাকতে হবে;
- (৪) জনপ্রতি ফি এর পরিমাণ: (ক) বিএসসি ইন নার্সিং-৩,০০০/- এবং (খ) ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি / ডিপ্লোমা ইন মিডওয়াইফারি- রেজিস্ট্রেশন ফি -২,৫০০/-, সনদপত্র ফি -২,০০০/- (মোট ৪,৫০০/-) হারে জমা করতে হবে। যেহেতু কোন রেজিস্ট্রেশন জরুরী ভাবে করা সম্ভব নয় সেহেতু এ ক্ষেত্রে জরুরী ফি জমা প্রদানের প্রয়োজন নেই।
- (৫) আলাদা কোর্স অনুযায়ী আবেদন পৃথক প্যাকেটে প্রতিষ্ঠান কর্তৃক কাউন্সিলে জমা দিয়ে প্রমাণক হিসেবে রিসিভ কপি সংগ্রহ করবেন;
- (৬) প্রতিষ্ঠানে রেকর্ড সংরক্ষণের লক্ষ্যে রেজিস্ট্রেশনের আবেদন অবশ্যই প্রতিষ্ঠানের মাধ্যমে জমা হবে। প্রতিষ্ঠান প্রধানের মনো নীত ব্যক্তির মাধ্যমে কাউন্সিল হতে কার্ড সংগ্রহপূর্বক প্রতিষ্ঠান হতে সরবরাহ করতে হবে।

**ফরমের প্রিন্ট কপির সাথে সংযুক্ত করতে হবে:** (ক) ফরওয়ার্ডিং লেটার (অধ্যক্ষ স্বাক্ষরের নিচে মোবাইল নম্বরসহ), (খ) প্রার্থী তালিকা (ছকের উপরে প্রতিষ্ঠানের নাম, ২১ মার্চ-২০২৫ খ্রি. পরীক্ষায় পাশকৃতদের তালিকা, কোর্সের নাম, ছকের মধ্যে ক্রমিক, রোল নং, বিএনএমসি স্টুডেন্ট আইডি/রেজি: নং, প্রার্থীর নাম ও পিতার নাম, ফি এর পরিমাণ উল্লেখ করে), (গ) ফি-জমার রশিদের মূলকপি (ঘ) স্টুডেন্ট রেজিস্ট্রেশন (ঙ) ইন্টার্নশীপ সনদ (চ) ৩য় বর্ষ পাশের মার্ক শীট/বিএসসি'র ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের সনদ পত্র ও স্টুডেন্ট রেজিস্ট্রেশন (ছ) স্থায়ী ঠিকানা সম্বলিত টেস্টিমনিয়াল (প্রশংসাপত্র) (জ) এসএসসি সনদ (ঝ) এইচএসসি সনদ (ঞ) কমপ্রিহেনসিভ পরীক্ষার প্রবেশপত্র (ট) জাতীয় পরিচয়পত্র-NID (প্রযোজ্য ক্ষেত্রে অনলাইন জন্মসনদ) উল্লেখ্য-NID-তে স্থায়ী ঠিকানা না থাকলে কেবল তাদের ক্ষেত্রে NID এর সাথে অতিরিক্ত প্রমাণক হিসেবে নাগরিকত্ব সনদ অবশ্যই দাখিল করতে হবে। সকল ক্ষেত্রে ফটোকপি অধ্যক্ষের স্বাক্ষর, তারিখ ও নামসহ সীলমোহরে সত্যায়িত হতে হবে।

**উল্লেখ্য যে, অনলাইনে এন্ট্রির সিরিয়াল অনুযায়ী হার্ডকপি সিরিয়াল করে জমা দিতে হবে।**



হালিমা আক্তার

রেজিস্ট্রার

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

### বিতরণ:

অধ্যক্ষ/ইনচার্জ. . . . . নার্সিং কলেজ/ইনস্টিটিউট (সকল)।

**অনুলিপি:** সদয় জ্ঞার্থার্থে/জ্ঞার্থার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রেসিডেন্ট, বিএনএমসি এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম (দৃ: আ: সচিবের একান্ত সচিব)।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/স্বাস্থ্য অধিদপ্তর।
২. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৩. যুগ্মসচিব (নার্সিং শিক্ষা অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৪. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি-বিএনএমসি ও পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৬. সিনিয়র সহকারি সচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৭. উপসচিব (নার্সিং সেবা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৮. ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।
৯. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (ওয়েবসাইটে প্রকাশ জন্য)।
১০. হিসাব রক্ষক, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (ফি জমা নিশ্চিত করা)।
১১. সংশ্লিষ্ট কর্মচারী, বিএনএমসি (রেজিস্ট্রেশন কাজ সম্পাদনের জন্য)।
১২. জনাব/ বেগম . . . . .